# 2017

## BENGALI

## ( Major )

Paper : 3.2

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) বাঙালির রচিত প্রথম ইতিহাস-আশ্রিত গ্রন্থ কোনটি ?

(খ) 'তোতা ইতিহাস' গ্রন্থের লেখক কে ?

(গ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর রচিত আত্মজীবনীটির নাম লেখো।

(ঘ) দীনবন্ধু মিত্রের 'নীলদর্পণ' নাটকের রচনাকাল উল্লেখ করো।

(ঙ) অমিত্রাক্ষর ছন্দে রচিত মধুসূদন দত্তের প্রথম কাব্য কোনটি ?

(চ) বঙ্কিমচন্দ্রের 'দুর্গেশনন্দিনী' উপন্যাস কবে প্রকাশিত হয় ?

(ছ) রবীন্দ্রনাথের প্রথম উপন্যাস 'করুণা' কোন্ পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয়েছিল ?

(জ) শরৎচন্দ্রের রাজনৈতিক উপন্যাস কোনটি ?

(ঝ) 'রাজা ও রাণী' কার রচিত নাটক ?

(ঞ) 'সারদামঙ্গল' কাব্যের প্রকাশকাল উল্লেখ করো।

২। সংক্ষেপে উত্তর দাও : ২×৫=১০

(ক) নবীনচন্দ্র সেনের ত্রয়ী কাব্যের যে কোনো দুটির নাম লেখো।

(খ) রামমোহন রায় রচিত দুটি বিতর্কমূলক গ্রন্থের নাম উল্লেখ করো।

(গ) বঙ্কিমচন্দ্রের শেষ উপন্যাস কোনটি? উপন্যাসটির প্রকাশকাল উল্লেখ করো।

(ঘ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের দুটি উপন্যাসের নাম লেখো।

(ঙ) স্বর্ণকুমারী দেবীর দুটি উপন্যাসের নাম লেখো।

৩। টীকা লেখো (যে কোনো চারটি) : ৫×৪=২০

ঈশ্বরচন্দ্র গুপ্ত; বঙ্গদর্শন; হুতোম প্যাঁচার নক্‌শা; শ্রীরামপুর মিশন; জসীমউদ্দিন; মীর মশাররফ্ হোসেন।

৪। (ক) বাংলা গদ্যের বিকাশে ফোর্ট উইলিয়ম কলেজের অবদান আলোচনা করো। ১০

*অথবা*

(খ) বাংলা গদ্যসাহিত্যে রামমোহন রায়ের অবদান আলোচনা করো। ১০





৫। (ক) মহাকাব্য ও আখ্যানকাব্য রচনায় মাইকেল মধুসূদন দত্তের কৃতিত্ব আলোচনা করো। ১০

*অথবা*

(খ) রবীন্দ্রনাথের 'গীতাঞ্জলি পর্ব'-এর কাব্যগুলো সম্পর্কে একটি নাতিদীর্ঘ নিবন্ধ লেখো। ১০

৬। (ক) বাংলা নাটকের ক্ষেত্রে দীনবন্ধু মিত্রের অবদান সম্পর্কে আলোচনা করো। ১০

*অথবা*

(খ) পৌরাণিক নাটক রচনায় গিরিশচন্দ্র ঘোষের কৃতিত্বের পরিচয় দাও। ১০

৭। (ক) বাংলা উপন্যাস-সাহিত্যে রবীন্দ্রনাথের বিশেষত্ব কোথায়, আলোচনা করো। ১০

*অথবা*

(খ) বঙ্কিমচন্দ্রের ঐতিহাসিক ও রোমান্সধর্মী উপন্যাসগুলো সম্পর্কে আলোচনা করো। ১০

★★★